

১৭/০৪/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী।

উপজেলা : ঝিকরগাছা, যশোর।
সভাপতি : জনাব লুবনা তান্ধী, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, ঝিকরগাছা, যশোর।
তারিখ : ১৭/০৪/২০২২ খ্রিঃ সময় : দুপুর - ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যদের তালিকা (পরিশিষ্ট - ক)

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি মহোদয় আলোচনা শুরু করার জন্য কমিটির সদস্য-সচিব তথা উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

আলোচ্যসূচী : ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন : কমিটির সদস্য-সচিব তথা উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী ছাড়াই সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।

আলোচ্যসূচী : ২। বেকার মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য হস্তশিল্প(কচুরিপানার পণ্য) তৈরী বিষয়ক প্রশিক্ষণ প্রদান সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, গ্রামাঞ্চলে বর্তমানে প্রচুর সংখ্যক নারী কাজের অভাবে বেকার রয়েছে। ফলে তারা পরিবার ও সমাজে অবহেলার শিকার হয়। কাজের সুযোগ না থাকার ফলে বেকারত্ব দিন দিন বৃদ্ধি পাচ্ছে। কচুরীপানায় নদী নালা, খালবিলে আবর্জনায় পরিণত হয়েছে। ফলে পরিবেশ দূষিত হচ্ছে এবং নদী ভরাট হয়ে যাচ্ছে। বর্তমানে বাজারে বিভিন্ন হস্ত শিল্পজাত পণ্যের ব্যাপক চাহিদা রয়েছে। কচুরীপানা প্রক্রিয়াজাতকরণ করে হস্তশিল্প পণ্য উৎপাদন ও বাজারজারকণের মাধ্যমে নারীদের প্রশিক্ষণ দিয়ে দক্ষ মানব সম্পদে পরিণত করা সম্ভব এবং নদীর ভারসাম্য রক্ষা করা সম্ভব। বেকার মহিলারা ঘরে বসে নতুন নতুন হস্তশিল্প পণ্য উৎপাদন করতে পারবে। ফলে বেকার মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য হস্তশিল্প (কচুরিপানার পণ্য) তৈরী বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন।


উক্ত প্রশিক্ষণ পরিচালনার জন্য প্রশিক্ষণ বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রয়োজন। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি সভাকে আহবান জানান।

সিদ্ধান্ত : ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় বেকার মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য হস্তশিল্প (কচুরিপানার পণ্য) তৈরী বিষয়ক প্রশিক্ষণ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রকল্পের নাম :- বেকার মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য হস্তশিল্প (কচুরিপানার পণ্য) তৈরী বিষয়ক প্রশিক্ষণ।

প্রকল্পের ব্যয় : ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা

অতঃপর অধ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



লুবনা তান্ধী
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।

তারিখ : ১৮/৪/২০২২ খ্রিঃ।

স্মারক নং : ৪৭.৬২.৪১.২৩.১০১.১৮.১৪৮.০৮- ৪৫৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, ঝিকরগাছা, যশোর।

২। উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।

৩। উপপরিচালক, বিআরডিবি, যশোর।


৪। উপজেলা ভাইস চেয়ারম্যান, ঝিকরগাছা, যশোর।

৫। উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা), ঝিকরগাছা, যশোর।

৬। উপজেলা প্রকৌশলী, ঝিকরগাছা, যশোর।

৭। সদস্য (সকল) পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি, ঝিকরগাছা, যশোর।

৮। অফিস কপি।



(মোঃ মাহমুদুল হাসান)

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

ঝিকরগাছা, যশোর।

ফোন নং : ০৪২৭৭-৭৬৯২০৮

